"শেখ হাসিনার মুলনীতি
গ্রাম ও শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ
# তিতাস, কুমিল্লা।

**তিতাস উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

(সভা নং- ২৫/২০২১)

সভাপতি ঃ জনাব মোঃ পারভেজ হোসেন সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ ঃ ২৫/১১/২০২১ খ্রি.
সময় ঃ বেলা ১১-০০ ঘটিকা
উপস্থিত সদস্যবর্গ ঃ পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার বর্তমানে বাংলাদেশে করোনা ভাইরাস কোভিড-১৯ এর ফলে সৃষ্ট পরিস্থিতিতে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ করেন ।

**০১. বিগত সভার কার্যবিবরণীর দৃঢ়ীকরণঃ** আলোচ্যসূচি মোতাবেক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কোন সংযোজন/বিয়োজন না থাকায় বিগত মাসের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০২ ) বিভাগীয় কার্যক্রমের আলোচনা ঃ**

**২.১ ) স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ ঃ** উপজেলা সহকারী প্রকৌশলী, তিতাস সভায় জানান , UGDP প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের বরাদ্ধকৃত টাকার প্যাকেজ নং INF ২০১৮-১৯ -২০১৯৯৪-০১ তে কড়িকান্দি ইউনিয়নের তিতাস নদীর ঘাট হইতে বন্দরামপুর দাক্ষিণ পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পূর্ব পাশ পর্যন্ত ঢাকনা সহ আরসিসি পাকা ড্রেন নির্মাণ কাজে চুক্তি মূল্য ভ্যাট ও আয়করসহ টাকা ১৭,৯৯,৩৬১.৪৩/- । বর্নিত উপ -প্রকল্পটি সন্তোষ জনকভাবে বাস্তবায়ন হওয়ায় ঠিকাদার চুড়ান্ত বিলের জন্য আবদন করেন যা পরীক্ষান্তে পেশ করা হলো ।

| উপজেলা | প্যাকেজ নং | চুক্তিমূল্য ভ্যাট ও আয়করসহ (টাকা) | পরিশোধযোগ্য মোট বিলের পরিমান টাকা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ভ্যাট এর পরিমান (টাকা) | আয়করের পরিমান (টাকা) | ভ্যাট ও আয়কর বাদে বিল (টাকা) | ভ্যাট ও আয়করসহ মোট বিল (টাকা) | |
| তিতাস | INF ২০১৮-১৯ - ২০১৯৯৪-০১ | ১৭,৯৯,৩৬১.০৩/- | ১,২৭,৪৩৭.০০/- | ৫০,৯৭৫.০০/- | ১৫,২০,৭৩৯.৪০/- | ১৬,৯৯,১৫১.৪০/- | ভ্যাট -৭.৫% আয়কর-৩% |

সিদ্ধান্তঃ ঠিকাদারের বিলের আবেদনের প্রেক্ষিতে বাস্তবায়িত উপ-প্রকল্পটির বিলের টাকা ছাড় করার জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প , স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় ।

**২.২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান ,নির্বাচনের তফসিল ঘোষনার পূর্বে যে কাবিটা , কাবিখা গম/চালের প্রকল্প তালিকা জেলা প্রশাসক , কুমিল্লায় অনুমোদনের জন্য পাঠানো হয়েছিল তাহা জেলাপ্রশাসক ,কুমিল্লা থেকে অনুমোদন পাওয়া গেছে। । সরেজমিনে কাজের অগ্রগতি দেখে খাদ্য শস্য ও টাকার ছাড়পত্র দেয়া হবে । ২০২১-২২ অর্থবছরে শীতবস্ত্র কম্বল প্রতি ইউনিয়নে ৪৭০ পিস করে ৪২৩০ পিস কম্বল এর বরাদ্দ পাওয়া গেছে । প্রকৃত দুঃস্থ ব্যক্তিদের তালিকা করে ইউনিয়ন ওয়ারী বিভাজন করা হবে ! ২০২১-২২ অর্থবছরে তিতাস উপজেলায় ৬,৫৬,৮২৮.৬৬ টাকা বরাদ্দ শীতবস্ত্র কম্বল ক্রয়ের জন্য পাওয়া গেছে । অর্থ প্রাপ্তি স্বাপেক্ষে টেন্ডারের মাধ্যমে কম্বল ক্রয় করে ইউনিয়ন ওয়ারী বিভাজন করা হবে ।

**২.৩ ) কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান, ২০২১-২২ অর্থবছরে বোরো মৌসুমে হাইব্রিড জাতের ও উফশী জাতের ধান বীজ ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণের নিমিত্তে উফশী প্রণোদনা ও হাইব্রিড প্রণোদনা কর্মসূচীর বরাদ্দ পাওয়া গেছে । হাইব্রিড প্রণোদনা কর্মসূচীর আওতায় তিতাস উপজেলায় ১৫০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক ২ কেজি করে হাইব্রিড ধান বীজ সহায়তা পাবেন। উফশী প্রণোদনা কর্মসূচীর আওতায় ১২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক ৫ কেজি উফশী ধান বীজ , ১০ কেজি টিএসপি ও ১০ এমওপি সার পাবেন । চলতি মাসে তিতাস উপজেলায় সারের পর্যাপ্ত মজুদ রয়েছে । সার -বীজ ও কীটনাশক মনিটরিং নিয়মিত চলছে ।

**২.৪ ) স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে ।

| | |
|---|---|
| Immunization | Infant Target : 560, Achievement : 585, Pregnant women : 467, 15-49 Years old women :2406. |
| Nutrition | Underweight(0-5yrs) :22, Stuning (0-5yrs) :16, Wasting(0-5yrs):13, Sever Acute malnutrition-SAM (6 months to 5 yrs) : 00, Moderate Acute malnutrition-MAM (6 months to 5 yrs) : 15,Counselling:1345 |
| Maternal Health | ANC : 341, PNC : 23, Number of normal delivery : 21, Number of C/S delivery : 02, Number of maternal mortality : 00, Number of breast feeding wihtin 1 hour : 23. |
| Covid-19 | Total sample sent:2314, Total Rapid Antigen Test :1207, Total Rapid Antigen Test Positive 204,Total RTPCR PositiveCase-409,Total Positive Case:613, Total Home Isolation on 25-11-2021:02, Total Hospital Isolation on 25-11-2021:03, Total Hospital Admission: from the beginning of the Covid -19 (April/2020) the number to positive patients admitted at the hospital to till 25-11-2021 -126,Total Home Quarantine:05, Total home Quarantine Covid -19 from the beginning (February 2020)till 25-11-2021:2870,Total Death:18, Total Recovery:593. |

**২.৫) পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বলরামপুর মূল রাস্তা হতে বলরামপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র প্রবেশ রাস্তাটি ভেঙ্গে গেছে। গর্ভবতী মা ও সেবা গ্রহীতাগণ প্রবেশে সমস্যার সৃস্টি হয় । রাস্তাটি মেরামত সংস্কার করা হলে জনগনের যাতায়াত

সুবিধা হবে । রাস্তাটি মেরামতের জন্য ব্যবস্থা গ্রহণে অনুরোধ করা হল। অতঃপর তিনি পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের সার্বিক অগ্রগতির চিত্র উপস্থাপন করেন।

মোট সক্ষম দম্পত্তি-৩৪৫৪০ জন, সর্বমোট গ্রহণকারী-২৬৪৩৮ জন, গ্রহণকারীর হার ৭৬.৫৪%, বিতরণঃ খাবার বড়ি- ৪৬৩০ জন, আপন- ৩৬৫ জন, কনডম-৮০০২ জন, ইনজেকশন-১২৩৯ জন, মিজোপ্রোস্টল-২৩৪, আইইউডি- ২৬ জন, ইমপ্ল্যান্টঃ ১৯, স্থায়ী পদ্ধতিঃ পুরুষ ০২ জন, মহিলা ১২ জন। পুষ্টি সেবা: ৮২১ জন, গর্ভবতী পরিবচর্যা: ২৬৯ জন, গর্ভোত্তর পরিবচর্যা: ৮৯ জন, গর্ভখালাস: ২৬ জন, শিশু পরিচর্চা: ৭২৫ জন, সাধারণ রোগী: ২৪২৮ জন। এছাড়াও অস্থায়ী এবং স্থায়ী পদ্ধতি গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম যথাযথভাবে পরিচালনা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তাবায়নে ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তিতাস।

**২.৬ ) প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় বলেন, উপজেলা প্রাণিসম্পদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিতাস উপজেলার জন্য LDDP প্রকল্প থেকে ৪টি Milk cream separator machice সরবরাহ হবে মোট ২টি । মিষ্টির দোকান ও কড়িকান্দি ও মজিদপুর ইউনিয়নের দুটি Producer group কে দেওয়ার ব্যাপারে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে।

**২.৭) বিআরডিবি ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা বিআরডিবি বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। অতঃপর তিনি বিআরডিবি অফিসের বিভিন্ন কার্যক্রমের সার্বিক অগ্রগতির চিত্র উপস্থাপন করেন।

| ক্রম নং | কার্যক্রম | আর্থিক বছরে | ক্রমপুঞ্জিত |
|---|---|---|---|
| ০১ | মোট সমিতির সংখ্যা | - | ৩৬ টি |
| ০২ | মোট দলের সংখ্যা | - | ৩২ টি |
| ০৩ | চলমান প্রকল্প ও কর্মসূচির সংখ্যা | - | ০৬ টি |
| ০৪ | মোট ঋণ তহবিল | - | ৫৬.৬১ লক্ষ টাকা |
| ০৫ | ঋণ বিতরণ | ২৪.৫০ লক্ষ টাকা | ১৩৪.৩০ লক্ষ টাকা |
| ০৬ | ঋণ আদায় | ১২.৫০ লক্ষ টাকা | ৯০.৮৩ লক্ষ টাকা |
| ০৭ | মাঠে কবেয়া ঋণের পরিমান | - | ৪৩.৪৭ লক্ষ টাকা |
| ০৮ | বর্তমান আর্থিক বছরে ঋণ গ্রহণকারী সংখ্যা | ৬২ জন | ৫০৪ জন |
| ০৯ | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | ০০ জন | ৪৩৭০ জন |
| ১০ | অপ্রধান শস্য বীজ বিতরণ | ১০ জন | ২২৫ জন |
| ১১ | অপ্রধান শস্য প্রদর্শনী বাস্তবায়ন | ০০ টি | ০৩ টি |
| ১২ | বর্তমান আর্থিক অর্থবছরে PRDP-3 স্কিম বাস্তবায়ন | ০০ টি | ৯৩ টি |

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম যথযথভাবে পরিচালনা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**২.৮ ) মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের নিমিত্তে জাটকা রক্ষা কার্যক্রম, অবৈধ জাল আটক, এবং বাঁধ উচ্ছেদের উদ্দেশ্য অভিযান অব্যাহত আছে এবং থাকবে । ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব খাত এবং ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় মোট ০৪টি প্রদর্শনী খামার স্থাপনের নির্দেশনা এবং ব্যবস্থা রয়েছে সেই মোতাবেক নিম্নোক্ত আদর্শ মৎস্য চাষীদের মাঝে প্যাকেজ ভিত্তিক প্রদর্শনী খামার গুলি বাস্তবায়ন করা যেতে পারে । ১। সোহেল মিয়া পিতা - কামাল মিয়া গ্রাম- কালাইগোবিন্দপুর পোঃবাতাকান্দি ,তিতাস ,কুমিল্লা । ২। নার্গিস পিতা - মোঃ জাকির হোসেন স্বামী- নূরে আলম গ্রাম- উলুকান্দি পোঃ গাজীপুর , তিতাস , কুমিল্লা । ৩। মোঃফরহাদ প্রধান পিতা -আলমগীর গ্রাম-মাছিমপুর, পোঃ জগতপুর , তিতাস , কুমিল্লা । এ ছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিক আছে।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম যথযথভাবে পরিচালনা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মৎস্য কর্মকতা , তিতাস, কুমিল্লা।

**২.৯ ) সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে।

**২.১০) যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। অতঃপর তিনি যুব উন্নয়ন অফিসের বিভিন্ন কার্যক্রমের সার্বিক অগ্রগতির চিত্র উপস্থাপন করেন।

| | | |
|---|---|---|
| ০১ | যুব ঋণ বিতরণ(ক্রমপুঞ্জিত) | ঃ ১,২৭,৪০,০০০/- টাকা ৩১৭ জনপ্রশিক্ষণার্থীদের মাঝে বিরতণ । |
| ০২ | বর্তমান মাসে ঋণ বিতরণ | : -৫,৮০,০০০/- |
| ০৩ | বর্তমান মাসে ঋণ আদায় যোগ্য | ঃ ১,৫৯,৬০০/- |
| ০৪ | বর্তমান মাসে ঋণ আদায়কৃত | ঃ ১,৪৮,৪০০/- |
| ০৫ | বর্তমান মাসে ঋণ আদায়যোগ্য (ক্রমপুঞ্জিত) | ঃ ১,১০,৩৪,৭৪০/- |
| ০৬ | বর্তমান মাসে ঋণ আদায়কৃত (ক্রমপুঞ্জিত) | ঃ ৯৭,৮৫,৩০০/- |
| ০৭ | কিস্তি খেলাপী ও মেয়াদোর্ত্তীণ খেলাপী | ১১,৬০,৮৪০/- |
| ০৮ | বর্তমান মাসে ঋণ আদায়ের হার | ঃ৭০% |
| ০৯ | বর্তমান মাসে মাঠে প্রাপ্য | ঃ ২৩,৯৬,১০০/- |
| ১০ | বর্তমান মাসে প্রশিক্ষণ | ঃ -৬০ |
| ১১ | শুরু থেকে প্রশিক্ষণ ক্রমপুঞ্জিত | ঃ রাজস্ব- ২০৮০ জন, উন্নয়ন- ২২০০ জন |
| ১২ | শুরু থেকে আত্মকর্মী ক্রমপুঞ্জিত | ঃ রাজস্ব- ৮৩৫ জন, উন্নয়ন- ৯১১ জন |
| ১৩ | যুব সংগঠন রেজিস্ট্রেশন | ঃ ৬ (ছয়) টি। |

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম যথযথভাবে পরিচালনা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার, তিতাস, কুমিল্লা।

**২.১১ ) সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থবছরে অতিরিক্ত বরাদ্দ কৃত ৪১৮ জন অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের ইতিপূর্বে পত্র প্রদান করা হয়েছে । ১৫ নভেম্বর এর মধ্যে ইউনিয়ন কমিটি

রেজুলেশনসহ প্রতিবন্ধী পরিচয় পত্র নং সহ প্রতিবন্ধী তালিকা কিছু আসছে এখনও কয়েকটি ইউনিয়ন থেকে আসে নাই। জরুরী ভিত্তিতে প্রতিবন্ধী ভাতা ভোগী নামের তালিকা প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। ১ম কিস্তি জুলাই/২১ হতে সেপ্টেম্বর/২১ পর্যন্ত ভাতার টাকা ছাড় করার জন্য বয়স্ক ,বিধবা ও প্রতিবন্ধী ভাতা ,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ১৩০৮ জনের প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট ভাতা ভোগীর নগদ হিসাবের মাধ্যমে ভাতা ক্যাশ ইস হবে। অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে ।

**২.১২) মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। নভেম্বর/২০২১ মাসে মাধ্যমিক শিক্ষা অফিসের কার্যক্রম যথাযথভাবে চলছে। ১৪ নভেম্বর ২০২১ মাসের এস এস সি দাখিল পরীক্ষা শুরু হয়ে ২৩ নভেম্বর ২০২১ তারিখ শেষ হয়েছে। প্রায় ২৫০০ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করেছে। ২৪ নভেম্বর ২০২১ তারিখ হতে ৩০ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত মাধ্যমিক স্তারের শিক্ষা প্রতিষ্ঠানে সংক্ষিপ্তভাবে বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । ২০২১ সালের এইচ এস সি এবং আলিম পরীক্ষা সংক্ষিপ্ত ভাবে তিনটি বিষয়ে আগামী ০২ ডিসেম্বর হতে শুরু হবে । ৯২৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করবে ।

**২.১৩) প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। প্রাথমিক বিদ্যালয়গুলি ও কেজি স্কুলগুলিতে কোন ধরনের বার্ষিক পরীক্ষা গ্রহণ করা যাবে না কোন ধরনের ফি আদায় করা যাবে না। ভিন্ন ভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে পরবর্তী উচ্চশ্রেণীতে উর্ত্তীণ করতে হবে। এ বিষয়টি সকলের অবগতি করা হল। প্রাথমিক বিদ্যালয়গুলির উন্নয়ন মূলক কাজ এর টেন্ডার ওপেনিং ও টেন্ডার মূল্যায়ন কমিটির সক্রিয় সদস্য। কিন্তু ইজিপি এর মাধ্যমে টেন্ডার ওপেনিং ও মূল্যায়ন কমিটি সদস্যের জন্য ID ও Password থাকার কথা কিন্তু গত ১ মাস আগে পত্র দেয়া সত্ত্বেও উক্ত আই ডি পাসওয়ার্ড পাই নাই। ID Password যাতে পাই তার ব্যবস্থার জন্য উপস্থাপিত হল।

**২.১৪ ) মহিলা বিষয়ক বিভাগ ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে।

**২.১৫) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

**২.১৬) দারিদ্র্য বিমোচন বিভাগ ঃ** উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান, উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। অতঃপর তিনি দারিদ্র বিমোচন অফিসের বিভিন্ন কার্যক্রমের সার্বিক অগ্রগতির চিত্র উপস্থাপন করেন।

| ক্রঃ নং | বিষয় | চলতি মাসে অর্জন | চলতি অর্থবছরে অর্জন | ক্রমপুঞ্জিত অর্জন |
|---|---|---|---|---|
| ০১ | মোট সমিতি | ০ | ০ | ৬২ টি |
| ০২ | মোট সদস্য | ১৫ জন | ৩৭ জন | ৩০৮২ জন |
| ০৩ | নেতৃত্ব বিকাশ সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান | - | - | ৮৭৫ জন |
| ০৪ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান | - | - | ৮৭৫ জন |
| ০৫ | সঞ্চয় আদায় | ০.৪৯ লক্ষ | ১৫.৭১ লক্ষ | ৩৪৫.৬৯ লক্ষ |
| ০৬ | ক্ষুদ্র ঋণ বিতরণ | ২১.০০ লক্ষ | ৭৮.৫০ লক্ষ | ২০৪৩.৭৮ লক্ষ |
| ০৭ | ক্ষুদ ঋণ আদায় (সার্ভিস চার্জসহ) | ৩১.১৫ লক্ষ | ৯৭.২৪ লক্ষ | ২১২৯.৬১ লক্ষ |
| ০৮ | ক্ষুদ ঋণ আদায় হার | ১০০% | ৯৯% | ৯৯% |
| ০৯ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ | ৩.০০ লক্ষ | ১৮.৫০ লক্ষ | ৬৫২.০০ লক্ষ |
| ১০ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায় | ১০.৩৫ লক্ষ | ৩৩.১০ লক্ষ | ৬৬৭,০৮ লক্ষ |
| ১১ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায় হার | ৯৯% | ৯৯% | ৯৯% |
| ১২ | কোভিড-১৯ প্রনোদনা ঋণ বিতরণ | - লক্ষ | ২২.০০ লক্ষ | ২২.০০ লক্ষ |

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা দারিদ্য বিমোচন কর্মকর্তা, তিতাস, কুমিল্লা।

**২.১৭) উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিস সংক্রান্ত আলোচনা ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে।

**২.১৮) উপজেলা নারী উন্নয়ন ফোরাম সংক্রান্ত আলোচনা ঃ** মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা নারী উন্নয়ন ফোরাম, তিতাস সভায় বলেন, নারী উন্নয়ন ফোরামের কার্যক্রম যথাযথভাবে চলছে।

**২.১৯) সামাজিক বন বিভাগ ঃ** ফরেস্টার, সামাজিক বন বিভাগ সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। অত্র তিতাস উপজেলায় করাত কল স্থাপন ও পরিচালনা সংক্রান্ত মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার এবং বন বিভাগের উপজেলা বন কর্মকর্তাসহ অংশ গ্রহণ করেন। বৃক্ষ রোপন মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় পুরস্কার /২০২০-২১ অর্থ বছরের কোন দরখাস্ত পাওয়া যায় নাই মর্মে আলোচনা করা হয়।

**২.২০) উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান সহকারী সভায় বলেন ,দেশব্যাপী ৬ষ্ঠ জনশুমারী ও গৃহগননা ২০২১ গত অক্টোবর ২৫-৩১ পর্যন্ত অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। পরবর্তীতে সেটি পিছিয়ে আগামী ডিসেম্বর(২৪-৩০) ইং তারিখে অনুষ্ঠিত করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ইতোপূর্বে উক্ত শুমারীতে কাজ করার জন্য উপজেলা থেকে নিয়মানুযায়ী লোকবল নিয়োগ দেওয়া হয়েছে। শুমারীতে নিয়োগকৃত জনবলের জন্য ৫৫০ ব্যাগ ইতোমধ্যে আমরা গ্রহণ করেছি। খুব শীঘ্রই অনুষ্ঠিত হতে যাওয়া এই জাতীয় জনশুমারী ও গৃহগননা -২০২১ এর ব্যাপারে সকলের সার্বিক সহযোগীতা ও মনোযোগ আকর্ষণ করছি ।

**০৩. ভিশন-২০২১ ঃ** উপজেলা নির্বাহী অফিসার, তিতাস সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক্সেস-টু-ইনফরমেশন প্রোগ্রামের আওতায় তিতাস উপজেলায় প্রত্যেকটি ইউনিয়ন পরিষদে ইউনিয়ন ডিজিটাল সেন্টার এবং উপজেলা পরিষদে একটি উপজেলা ডিজিটাল সেন্টার রয়েছে। তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ আরও গতিশীল ও উদ্যোক্তাদের উর্পাজন বৃদ্ধিসহ এর সেবা প্রদানমূলক ভূমিকাকে আরো কার্যকর করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্ত ঃ** দায়িত্বপ্রাপ্ত উদ্যোক্তাগণকে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ এবং কম্পিউটার ও অন্যান্য সরঞ্জামাদির নিরাপত্তা নিশ্চিত করাসহ ইউনিয়ন তথ্য সেবার কার্যক্রম অব্যাহত রাখা, ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ আরও গতিশীল ও উদ্যোক্তাদের উর্পাজন বৃদ্ধিসহ এর সেবা প্রদানমূলক ভূমিকাকে আরও কার্যকর করা এবং ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ** সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ ও সকল ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাবৃন্দ।

**০৪. পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** পল্লী সঞ্চয় ব্যাংক, তিতাস এর ব্রাঞ্চ ম্যানেজার (২০২১-২০২২) অর্থ বছরের অক্টোবর মাসের অগ্রগতির প্রতিবেদন সভায় তুলে ধরেন। অতপরঃ বিভাগীয় কার্যক্রমের সার্বিক চিত্র উপস্থাপন করেন।

০১। সমিতির সংখ্যা ঃ ২৪১ টি

০২। সদস্য সংখ্যা ঃ ৮৬৫৮ জন

০৩। সঞ্চয় জমা ঃ মাসে-৩.৩৬ টাকা, বছরে= ১১.৪১ টাকা, ক্রমপুঞ্জিত = ৩০২.৮১ টাকা (লক্ষ টাকায়)

০৪। ঋণ বিতরণ ঃ মাসে- ৫৯.৯০ টাকা, বছরে= ২৭৫.৭২ টাকা, ক্রমপুঞ্জিত = ২৮১১.২১টাকা
০৫। ঋণ আদায় ঃ মাসে-৭০.৫ টাকা, বছরে ২৬১.৮৯ টাকা, ক্রমপুঞ্জিত = ২১৪৩.২৮ টাকা
০৬। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ ঃ মাসে- ০০ টাকা, বছরে- ১৩২.৪৫, ক্রমপুঞ্জিত = ১৯৮.০০ টাকা
০৭। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায় ঃ মাসে ৬.৯৮ টাকা, বছরে= ২১.৪৯ টাকা, ক্রমপুঞ্জিত = ১৩১.০২ টাকা
০৮। কর্মসৃজন ঋণ বিতরণ ঃ মাসে ০০ টাকা, বছরে= ৯৯.৫০ টাকা, ক্রমপুঞ্জিত = ৯৯.৫০ টাকা
০৯। কর্মসৃজন ঋণ আদায় ঃ মাসে ৫.২২ টাকা, বছরে= ১৫.০৪টাকা, ক্রমপুঞ্জিত = ২২.২৩ টাকা
অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**৫) সমন্বিত উন্নয়ন উদ্যোগঃ** সিলেট বিভাগীয় কমিশনার অফিস কর্তৃক গৃহীত সমন্বিত উন্নয়ন উদ্যোগ ( Coordinated Development Initiative ) অনুযায়ী সরকারী সেবা কার্যক্রম বাস্তবায়ন মনিটরিং করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে কমিটি গঠনে নির্দেশনা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে কমিটি গঠিত হয়েছে। একইসাথে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে CDI বাস্তবায়নের লক্ষ্যে একটি ইউনিয়নে সমন্বিত কর্মসূচী পাইলটিং করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তিতাস উপজেলায় CDI পাইলটিং এর জন্য কলাকান্দি ইউনিয়নকে মনোনীত করা হয়েছে। এ পাঁচটি প্রধান বিষয়ের সাথে থাকবে SDG বাস্তবায়নে দারিদ্র্য বা দুঃস্থতা এবং প্রতিবন্ধিত্ব মোকাবিলায় আরও তিনটি প্রয়োজনীয় বিষয়। সমন্বিত উন্নয়ন উদ্যোগের প্রধান পাঁচটি উপাদান হলো-Education, Immunization, Contraception, Nutrition এবং Sanitation. এ পাঁচটি প্রধান বিষয়ের সাথে থাকবে SDG বাস্তবায়নে দারিদ্র্য বা দুঃস্থতা এবং প্রতিবন্ধিত্ব মোকাবিলায় আরও তিনটি প্রয়োজনীয় বিষয় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক উপজেলায় কর্মরত সকল দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণকে প্রতিমাসে একদিন সমন্বিত উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেছে।

**সিদ্ধান্ত ঃ** মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার ২৪.০১.২০১৭ খ্রিস্টাব্দের ০৪.০০.০০০০.৫১২.২৫.০০২.১৬-৬৯ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক সমন্বিত উন্নয়ন উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদে ন্যাস্থ সকল দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণ প্রতিমাসে একদিন সমন্বিত উন্নয়ন উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে কাজ করবেন।

**৬) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত ঃ** নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে খাদ্যের নিরাপদ রাখা নিশ্চিতকরণ; খাদ্যের নিরাপদ মান নির্ধারণে অসমতা প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে খাদ্য ভোক্তা, খাদ্য উৎপাদানকারী ও খাদ্য ব্যবসায়ী তথা সর্বস্তরের জনগণকে অধিকতর সচেতন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে খাদ্য নিরাপদ রাখা নিশ্চিতকরণ; খাদ্যের নিরাপদ মান নির্ধারণে অসমতা প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে খাদ্য ভোক্তা,খাদ্য উৎপাদানকারী ও খাদ্য ব্যবসায়ী তথা সর্বস্তরের জনগণকে অধিকতর সচেতন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), তিতাস, কুমিল্লা।

**০৭) ইনোভেশন সংক্রান্ত ঃ-** উপজেলা ইনোভেশন টিমকে তাদের নিয়োমিত সভার আয়োজন করার জন্য বলা হয় এবং বিভিন্ন বিভাগের প্রধানগণকে তাদের নতুন ইনোভেশন আইডিয়া ইনোভেশন টিম এর নিকট প্রেরণ করতে বলা হয়। সকল বিভাগীয় প্রধানগণকে আগামী ২ সপ্তাহের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনা প্রণয়ন করে উপজেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

**০৮) প্রতিবন্ধী বিষয়ক আলোচনা ঃ** সমাজকল্যান মন্ত্রনালয়ের ২৪/০৯/২০১৯ তারিখের ৪১.০০.০০০০.০৫৪.০১.০০১.১৮-১৯৫ নং স্মারক মোতাবেক প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুযায়ী কমিটি গঠন করে নিয়মিত সভা করার নির্দেশনা রয়েছে। সভায় প্রতিবন্ধী ব্যক্তিদের সমস্যা চিহ্নিত করে সমাধানের কার্যক্রম গ্রহণ করা সম্ভব। নিয়মিত সভা করে প্রতিবন্ধী ব্যক্তিদের করণীয় সম্পর্কে উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

**০৯)উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সংক্রান্ত আলোনাঃ** ইউডিএফ, সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের মূল্যায়নে তিতাস উপজেলা সারা দেশের মধ্যে ৫৩ তম হয়ে এবছর অতিরিক্ত ২০,০০,০০০/- টাকা বেশি বরাদ্দ পেয়েছে। এছাড়াও কড়িকান্দি ইউনিয়নে বন্দরামপুর এর ড্রেনের কাজ সেপ্টেম্বর এর মধ্যে সমাপ্ত করার জ ন্য অনুরোধ করেন এবং স্বক্ষমতা বৃদ্ধির জন্য গৃহীত ০৬টি প্রকল্প দ্রুত বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পসমুহ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তর সমুহকে অনুরোধ করা হয়।

**১০)জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রমঃ** উপজেলা নির্বাহী অফিসার, ইউনিয়ন পরিষদ সমুহে জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম শিশুর জন্মের ০-৪৫ দিনের মধ্যে নিবন্ধণ কার্যক্রম সম্পাদন করার ও শুভেচ্ছাপত্র প্রদান করা সহ জনগনের মাঝে সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করতে অনুরোধ করেন। এ কার্যক্রমে সকল ইউপি সদস্য ও গ্রামপুলিশদের যুক্ত করার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন মৃত্যুতে শোকবার্তা প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। গত মাসে উপজেলায় জন্মনিবন্ধন এর সার্বিক তথ্যাদি হল ০১। সাতানী সর্বমোট জন্ম নিবন্ধন ০-৪৫ দিনে-১৪ জন, ০২। জগতপুর সর্বমোট ০-৪৫ দিনে-১২জন, ০৩। বলরামপুর সর্বমোট ০-৪৫ দিন ১২ জন, ০৪। কড়িকান্দি ০-৪৫ দিনে-১৭ জন ০৫। কলাকান্দি ০-৪৫ দিনে- ১৪জন, ০৬। ভিটিকান্দি ০-৪৫ দিনে- ৮জন, ০৭। নারান্দিয়া ০-৪৫ দিনে-১৫ জন, ০৮। জিয়ারকান্দি ০-৪৫ দিনে- ৩৫জন ০৯। মজিদপুর ০-৪৫ দিনে- ২০জন এর জন্ম নিবন্ধন করা হয়েছে। কিন্তু লক্ষমাত্রা ০-৪৫ দিনের মধ্যে জন্মনিবন্ধন কার্যক্রম ধীর গতি লক্ষ করা যায়। এর প্রতি আরো জোর দেয়ার জন্য সকল চেয়ারম্যানগণকে অনুরোধ করা হল।

**১১) বিবিধ আলোচনা ঃ**

জনাব মোঃ নূর নবী, চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন, কালাইগোবিন্দপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের গর্ত ভরাটের জন্য ৪,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করছি। এছাড়াও নতুন নির্বাচিত চেয়রম্যান ও ইউপি সদস্যদেরকে কার্যক্রম শুরুর প্রথম দিকেই প্রশিক্ষণ প্রদানের জন্য প্রস্তাব করা হইল ।

জনাব মোহাম্মদ মহসীন ভূইয়া, চেয়ারম্যান, কড়িকান্দি ইউনিয়ন পরিষদ সভায় বলেন, বন্দরামপুর পূর্বপাড়া মাদ্রাসা ও প্রাথমিক বিদ্যালয়ের রাস্তার অসমাপ্ত ড্রেন নির্মাণ ও কড়িকান্দি খাদেক ভূইয়া পারিবারিক কবরস্থান সাইড ওয়াল করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, ইউনিয়ন পরিষদ সমুহে জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম বেগবান করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন। তিনি বলেন শিশুর জন্মের ০-৪৫ দিনের মধ্যে নিবন্ধণ কার্যক্রম সম্পাদন করার ও শুভেচ্ছাপত্র প্রদান করা সহ জনগনের মাঝে সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করতে অনুরোধ করেন। এ কার্যক্রমে সকল ইউপি সদস্য ও গ্রামপুলিশদের যুক্ত করার জন্য অনুরোধ করেন।

**১২) উপজেলা রাজস্ব তহবিলের ব্যয় ঃ** উপজেলা নির্বাহী অফিসার, তিতাস সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে নিম্নোক্ত খাতে ব্যয় করা হয় এবং তা পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন।

(ক) তিতাস উপজেলা পরিষদে অস্থায়ীভাবে নিয়োগকৃত মালি এর অক্টোবর/২০২১ মাসের মজুরী বাবদ (দৈনিক ৫৫০/- টাকা হারে) =১৪,৩০০/-(চৌদ্দ হাজার তিনশত ) টাকা এবং সুইপার এর অক্টোবর/২০২১ মাসের মুজুরী বাবদ (দৈনিক ৫০০/- টাকা হারে) = ১২,০০০/-(বারো হাজার)

(খ) অক্টোবর /২০২১ মাসে উপজেলা পরিষদের মাসিক সভাসহ অন্যান্য আপ্যায়ন ব্যয় বাবদ= ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

(গ) উপজেলা পরিষদ সভার নোটিশ ও কার্যবিরণীসহ অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।

(ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর জন্য বরাদ্দকৃত জীপগাড়ীর অক্টোবর /২০২১ মাসের গ্যাস বিল বাবদ ৮,২৬৭/- (আট হাজার দুইশত সাতষট্টি) টাকা ও তেলের বিল বাবদ- ১,২০২/- (এক হাজার দুইশত দুই) টাকা মাত্র।

(ঙ) ইন্টারনেট বিল বাবদ ব্যয়= ৯৫০/-(নয়শত পঞ্চাশ) টাকা।

(চ) উপজেলা পরিষদ গেজেটেড কোয়াটারের বৈদ্যুতিক লাইন মেরামত করন বাবদ ১০,০০০/-( দশ হাজার) টাকা।

**সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর ব্যয়িত টাকা অনুমোদন করা হয় এবং উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে ঃ** চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১১/২১

(মোঃ পারভেজ হোসেন সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তিতাস, কুমিল্লা
তারিখ ঃ ২৫/১১/২০২১ খ্রি.

স্মারক নং- ০৫.২০.১৯৯৪.০০০.০৬.০০৬.২০২১-

**অনুলিপি (সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো) ঃ**

০১। জনাব সেলিমা আহমাদ, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫০-কুমিল্লা-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম)।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা (দৃষ্টি আকর্ষণঃ উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা)।
০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৬। ..........................................................................কর্মকর্তা, তিতাস, কুমিল্লা।
০৭। চেয়ারম্যান (সকল) ........................................................ ইউনিয়ন পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৮। অফিস কপি।

২৫.১১.২১

(এ.টি.এম.মোর্শেদ)
উপজেলা নির্বাহী অফিসার
তিতাস, কুমিল্লা।
ফোনঃ ০৮০৩৬-৫২০১০
E-mail: unotitas1@ gmail.com